গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.১৮.৩৬ তারিখ: ১৬ মাঘ ১৪২৬
৩০ জানুয়ারি ২০২০

বিষয়: **প্রতিবন্ধীগণকে চাকরিসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আই ডি কার্ড) কে মানদন্ড হিসেবে বিবেচনাকরণ।**

সূত্র: ৪১.০০.০০০০.০৫৪.০১.০০১.১৭.৮২, তারিখ ০৯.০৭.২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে প্রতিবন্ধী ব্যক্তিগণকে চাকরিসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যাল/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) কে মানদন্ড হিসেবে বিবেচনা করার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে পরিপত্র জারি করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, তার কার্যালয়ে ও অধীনস্থ মাঠ পর্যায়ের অফিসসমূহে জনবল নিয়োগসহ অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে পরিপত্রটি অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: **বর্ণনামতে।**

৩০-১-২০২০
মোঃ সামীম আহসান
সহকারী সচিব
ফোন: +৮৮০২-৯৫৪৫৬৭০

বিতরণ :
১) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
২) রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), দ্বৈত বেঞ্চ-১, ঢাকা (প্রধান কার্যালয়), ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল
৩) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর
৪) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.১৮.৩৬/১ তারিখ: ১৬ মাঘ ১৪২৬
৩০ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (পরিপত্রটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৩০-১-২০২০
মোঃ সামীম আহসান
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিবন্ধিতা শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

নম্বর: ৪১.০০.০০০০.০৫৪.০১.০০১.১৭- ৮২

২৬ আষাঢ় ১৪২৬
তারিখ: ০৯ জুলাই ২০১৯

## পরিপত্র

বিষয়: প্রতিবন্ধী ব্যক্তিগণকে চাকরিসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সমাজসেবা অধিদফতরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আই ডি কার্ড) কে মানদন্ড হিসেবে বিবেচনাকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবন্ধী জনগোষ্ঠীকে উপযুক্ত চিকিৎসা, শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দারিদ্র্য নিরসন ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রতিবন্ধিতার ধরণ চিহ্নিতকরণ, মাত্রা নিরুপন ও কারণ নির্দিষ্টকরণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর ২০১৩ সাল হতে দেশব্যাপী 'প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি' পরিচালনা করে আসছে। এ পর্যন্ত সারাদেশে প্রায় ১৬,৬১,০০০ জন প্রতিবন্ধী ব্যক্তির তথ্য সংগ্রহপূর্বক স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত ডাক্তারের সহায়তায় প্রতিবন্ধিতার ধরণ ও মাত্রা নিরুপণ করা হয়েছে। যথাযথ প্রক্রিয়া অনুসরনপূর্বক সমাজসেবা অধিদফতরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী পরিচয়পত্র ( আই ডি কার্ড) প্রদান করা হচ্ছে। এটি একটি চলমান প্রক্রিয়া।

২। সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর ও পরিদপ্তরসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরি দেয়ার ক্ষেত্রে সমাজসেবা অধিদফতরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) বিবেচনায় না নিয়ে জেলা সমাজসেবা কার্যালয় হতে সনদপত্র চাওয়া হচ্ছে যা 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর পরিপন্থী। উক্ত আইনের ধারা ৩১ এর উপ-ধারা (৬) এ উল্লেখ রয়েছে যে, ' এই ধারার অধীন ইস্যুকৃত পরিচয়পত্র ব্যতীত কোন প্রতিবন্ধী ব্যক্তি এ আইন বা অন্য কোন আইনে প্রতিবন্ধী ব্যক্তির জন্য নির্ধারিত কোন সুবিধা গ্রহণ করিতে পারিবে না'।

৩। এমতাবস্থায়, চাকরিসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সমাজসেবা অধিদফতরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত পরিচয়পত্রকে (আইডি কার্ড) মানদন্ড হিসেবে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

৯/৭/২০১৯
(জুয়েনা আজিজ )
সিনিয়র সচিব

বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর রোড, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল) ............মন্ত্রণালয়।
৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

তাঁর আওতাধীন অধিদপ্তর/সংস্থা/দপ্তরসমূহকে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হল।